

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ১৬, ২০০৯

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৬ই জুন, ২০০৯/২ৱা আষাঢ়, ১৪১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৬ই জুন, ২০০৯(২ৱা আষাঢ়, ১৪১৬) তারিখে
রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা
যাইতেছে :—

২০০৯ সনের ৩৩নং আইন

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের
২৪ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিচুরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন)
আইন, ২০০৯ নামে অভিহিত হইবে।

(২) এই আইন ২৫ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৫০৯৫)
মূল্য : টাকা ২.০০

২। ২০০৬ সনের ২৪ নং আইনের ধারা ৩ এর সংশোধন।—পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সনের ২৪ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (২) এর দফা (গ) এর প্রান্তস্থিত “দাঁড়ি” এর পরিবর্তে “সেমিকোলন” প্রতিস্থাপিত হইবে এবং উক্ত দফার পর নিম্নরূপ নৃতন দফা (ঘ) সংযোজিত হইবে, যথা :—

(ঘ) কোন উন্নয়ন সহযোগী, বিদেশী রাষ্ট্র বা সংস্থার সহিত সরকারের সম্পাদিত কোন খণ্ড, অনুদান বা অন্য কোন চুক্তির অধীন কোন পণ্য, কার্য বা সেবা ক্রয় :

তবে শর্ত থাকে যে, সম্পাদিত কোন চুক্তির শর্তে ভিন্নতর কিছু থাকিলে উক্ত চুক্তির শর্ত প্রাধান্য পাইবে।

আশফাক হামিদ
সচিব।